

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়

## নাম পরিবর্তন ॥ ময়মনসিংহে ক্যাম্পাসে ভাংচুর, রেল লাইন উৎপাটন

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের নাম পরিবর্তন করে ময়মনসিংহ কৃষি বিশ্ববিদ্যালয় করার নীতিগত সিদ্ধান্তের প্রতিবাদে ক্যাম্পাসে ব্যাপক ভাংচুর, অগ্নিসংযোগ, বোমাবাজি ও ফাকা গুলী, রেল লাইন তুলে ফেলা হয়েছে। গতকাল সোমবার রাতে টেলিভিশনে সংবাদ প্রচার (২য় পৃঃ ১-এর কঃ দ্রঃ)

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়

(১ম পৃঃ পর)

হলে ১১টি হলের ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীরা ব্যাপক প্রতিবাদ করেন। বিক্ষুব্ধ ছাত্রেরা প্রথমে প্রক্টর ও এডভাইজরকে নিয়ে যাওয়া মাইক্রোটি ভাংচুর করে। পরে ভাংচুরের ভাঙব শুরু হয়। দোকানপাট, ক্যাম্পাসের একটি বাসা, প্রশাসনিক ভবন ও কেন্দ্রীয় লাইব্রেরী ভাংচুর করা হয়, ফাকা গুলী বর্ষণ করা হয়। বিক্ষোভকারীরা অনির্দিষ্টকালের জন্য ক্যাম্পাস বন্ধের ঘোষণা দেয়। পরিস্থিতি সামাল দিতে বক্তব্য রাখেন ডিসি প্রফেসর মু. মুক্তাফিজুর রহমান ও ছাত্রনেতা এসএমএ খালিদ। ছাত্র ও কর্মচারীরা রেল লাইনে গুয়ে থাকে। সেখানে অগ্নিসংযোগ করে। ক্যাম্পাসে ব্যাপক পুলিশ মোতায়েন করা হয়েছে। এ সংবাদ লেখা পর্যন্ত আন্দোলন অব্যাহত ছিল। আজ মঙ্গলবার থেকে নতুন কর্মসূচী শুরু হবে।